রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ২৯, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে আগষ্ট, ১৯৯২/১৪ই ভাদ্র, ১৩৯৯

এস, আর, ও নং ২১২-আইন/৯২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা পাট ও পাটপণ্য পরিদর্শন পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বা "স্বীকৃতিপ্রাপ্ত ইন্সটিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইন্সটিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্যকোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইন্সটিটিউট ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য: টাকা ৩.০০

৩। নিয়োগ পদ্ধতি—(১)তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তদজন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়,

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক, স্থায়ী বাসিন্দা অথবা ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক এবং মানসিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন;

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাদি পূরণ না করিয়া দরখাস্ত দাখিল করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এক বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিলনা, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য নির্ধারিত পরীক্ষা বা প্রশিক্ষণ, যদি থাকে, পাশ না করেন বা, ক্ষেত্রমত, গ্রহণ না করেন।

৭। রহিতকরণ—এতদ্বারা Recruitment Rules for the Gazeted and non-Gazeted Posts in Directorate of Inspection for Jute Goods, 1985 রহিত (Repealed) করা হইল।

"তফসিল"

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক | .. | উপ-পরিচালক (পণ্য)/উপ-পরিচালক (পাট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৬ (ছয়) বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |
| ২ | উপ-পরিচালক (পণ্য) | .. | সহকারী পরিচালক (পণ্য) পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা; |
| ৩ | উপ-পরিচালক (পাট) | .. | সহকারী পরিচালক (পাট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | ঐ |
| ৪ | সহকারী পরিচালক (পণ্য) | অনূর্ধ ৩০ বৎসর | ৭৫% পরীক্ষক (পণ্য)/ইন্সট্রুমেন্ট মেকানিক উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎযান্ত্রিক) পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং; ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ৫ (পাচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত ইন্সটিটিউট হইতে জুট টেকনোলজীতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে ১ম শ্রেণীর স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীর (সম্মান) স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | সহকারী পরিচালক (পাট) | ঐ | ৭৫% পরিদর্শক (পাট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং ;<br>২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ৫ (পাচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ১য় শ্রেণীর স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীর (সন্মান) স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | প্রশাসন অফিসার | ঐ | প্রধান সহকারীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |
| ৭ | পরীক্ষক (পণ্য) | অনুর্ধ৩০বৎসর | ৫০% পরিদর্শক (পণ্য) পদ হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত ইন্সটিটিউট হইতে জুট টেকনোলজিতে স্নাতক।<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | ইন্সট্রুমেন্ট মেকানিক উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক)। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে ২য় বিভাগে যান্ত্রিক/তড়িৎ প্রকৌশল ডিপ্লোমাসহ কোন সরকারী / স্বায়ত্বশাসিত সংস্থা হইতে যন্ত্রপাতি সরঞ্জামাদি রক্ষণা-বেক্ষণে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | হিসাব অফিসার | .. | হিসাব রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং ; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০ | পরিদর্শক (পাট) | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনসটিটিউট হইতে জুট টেকনোলজিতে স্নাতক ডিগ্রী সম্পন্ন।<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় বিভাগে স্নাতক-সহ কাঁচা পাট এর শ্রেণী বিন্যাস এবং মান যাচাই বিষয়ে বাস্তব অভিজ্ঞতা। |
| ১১ | পরিদর্শক (পণ্য) | .. | ৭৫% পরীক্ষণ সহকারী পদ হইতে ; এবং<br>২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে ৩ (তিন) বৎসর চাকুরীর অভিজ্ঞতা<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(অ) কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনসটিটিউট হইতে জুট টেকনোলজিতে ডিপ্লোমা।<br>(আ) জুট টেকনোলজিতে ডিপ্লোমা সম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতক ডিগ্রী। পাটপণ্য পরিদর্শন মান নিয়ন্ত্রণ অথবা উৎপাদনে বাস্তব অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবে। |
| ১২ | পরীক্ষণ সহকারী | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ ও রসায়ন বিষয়সহ স্নাতক। পাট বস্ত্র পরীক্ষা অথবা মান নিয়ন্ত্রণে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবে। |
| ১৩ | প্রধান সহকারী | .. | উচ্চমান সহকারী/সাঁট-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যুন ৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | হিসাব রক্ষক | ঐ | হিসাব সহকারী/উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | ঐ |
| ১৫ | সাঁট-লিপিকার | .. | Stenograph rs and Stenotyp sts Ministries, Divisions and Attached Department Rucruitment Rules, 1978 প্রযোজ্য হইবে। | |
| ১৬ | সাঁট-মুদ্রাক্ষরিক | .. | ঐ | |
| ১৭ | উচ্চমান সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | ৬৬% নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী সম্পন্ন। |
| ১৮ | হিসাব সহকারী | ঐ | ৫০% নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী সম্পন্ন। |
| ১৯ | গাড়ী চালক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা/মাঝারী ও ভারী যান বাহন চালনায় অভিজ্ঞতা। |
| ২০ | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক | .. | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম এল এস এস (মন্ত্রণালয়, বিভাগ সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা ১৯৮৫ প্রযোজ্য হইবে। | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | ঐ | .. |
| ২২ | এম, এল, এস, এস | অনূর্ধ ৩০ বৎসর | ঐ | .. |
| ২৩ | নৈশ্য প্রহরী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |
| ২৪ | ফরাশ | ঐ | ঐ | ঐ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, আখতার আলী

সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।